রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**চেয়ারম্যানের কার্যালয়**

**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/১০ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ

নং ৪০.০৪.০০০০.০০২.৩৬.০০৬.২০.২০—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক ''আয়ুর্বেদিক কারখানা" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের জন্য নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশ, ২০২৪ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত ''আয়ুর্বেদিক কারখানা" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিক-কর্মচারীগণের নিম্নতম মজুরি হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ৪০, সেগুনবাগিচা, শাহ পোরশিয়া (১৪তম তলা), সেগুনবাগিচা, ঢাকা -১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ পেশ করিবেন।

**লিয়াকত আলী মোল্লা**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।



মূল্য : টাকা ১২.০০

## ‘‘আয়ুর্বেদিক কারখানা’’ শিল্প

## <u>খসড়া সুপারিশ-২০২৪</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর স্মারক নম্বর ৪০.০০.০০০০.০১৬.৩২.০৬৭.১৭.৪১, তারিখ: ০৬/০৮/২০২০ খ্রিস্টাব্দ মূলে আইন ও বিধি মোতাবেক ‘‘আয়ুর্বেদিক কারখানা’’ শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণের নিম্নতম মজুরি নির্ধারণের কার্যক্রম গ্রহণের জন্য নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয় এবং ০৫/০৭/২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপনমূলে (এস. আর. ও নম্বর ১৭৬-আইন/২০২০, তারিখ: ২৯/০৬/২০২০) নিম্নতম মজুরী বোর্ডে ‘‘আয়ুর্বেদিক কারখানা’’ শিল্প সেক্টরের প্রতিনিধিত্ব করিবার জন্য মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড ‘‘আয়ুর্বেদিক কারখানা’’ শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে নিম্নতম মজুরী বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। এছাড়া বোর্ডের চেয়ারম্যান ও সদস্যগণ মেঘনা ঘাট, নারায়ণগঞ্জ এলাকায় অবস্থিত ১টি ‘‘আয়ুর্বেদিক কারখানা’’ শিল্প প্রতিষ্ঠান {**হামদর্দ ল্যাবরেটরিজ (বাংলাদেশ) লিমিটেড**} উপস্থিত হইয়া বিভিন্ন কার্যক্রম পর্যবেক্ষণ ও সংশ্লিষ্ট মালিক ও শ্রমিক নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা করে তথ্য উপাত্ত সংগ্রহ করেন।

বোর্ডের সভায় সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য কর্তৃক দাখিলকৃত মজুরি প্রস্তাবসহ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪১ মোতাবেক শ্রমিকগণের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরণ, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় পর্যালোচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩৯ মোতাবেক ‘‘আয়ুর্বেদিক কারখানা’’ শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে নিম্নতম মজুরী বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিতভাবে খসড়া সুপারিশ পেশ করিল:

১। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার ‘‘আয়ুর্বেদিক কারখানা’’ শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

২। এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে/ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। উক্ত শিল্প সেক্টরের তপশিলে উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যে গ্রেডে কর্মরত আছেন সেই গ্রেডেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিক ও কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৪। এই সুপারিশের প্রেক্ষিতে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তপশিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্টারভুক্ত করতঃ মজুরি স্লিপ প্রদান করিবেন।

৫। তপশিল "ক" ও "খ" এ উল্লিখিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না, তবে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৬। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক অথবা শ্রমিকগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৭। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরি বোর্ডের সুপারিশের আলোকে সরকার কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনোক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

৮। শর্ত (৭) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ এর বিধান মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

৯। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তপশিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১০। তপশিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক ও কর্মচারীগণ কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১১। আয়ুর্বেদিক কারখানা শিল্প সেক্টরের অনুরূপ পদে কর্মরত শ্রমিক ও কর্মচারীগণের ন্যায় **হারবাল ও ইউনানী** কারখানায় কর্মরত শ্রমিক ও কর্মচারীগীণের জন্যও এই মজুরি হার প্রযোজ্য হইবে।

১২। এই সুপারিশে উল্লিখিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ০১(এক) বৎসর কর্মরত থাকার পর শ্রমিকগণের মূল মজুরির ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির ৫% হারে বৃদ্ধি পাইবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৬০০০/- (ছয় হাজার) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মজুরি বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৬৩০০/- (ছয় হাজার তিনশত) টাকা নির্ধারিত হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৬৩০০/- (ছয় হাজার তিনশত) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৬৬১৫/- (ছয় হাজার ছয়শত পনের) টাকা নির্ধারিত হইবে।

১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণ বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৪। এই সুপারিশের কোনো অংশ প্রচলিত বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

লিয়াকত আলী মোল্লা
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন)
নিরপেক্ষ সদস্য

স্বাক্ষরিত
(মকসুদ বেলাল সিদ্দিকী)
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত
(সুলতান আহম্মদ)
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত
(মো: মিজানুর রহমান)
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

স্বাক্ষরিত
(বিনোদ চন্দ ভৌমিক)
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**তপশিল " ক "**

**শ্রমিকগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ৩৭ | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | **উচ্চতর দক্ষ-১:**<br>১। প্যাকার ইনচার্জ<br>২। ফ্যাক্টরী সুপারভাইজার<br>৩। ওয়ার্কার সুপারভাইজার | ১১৫০০/- | ৫৭৫০/- | ১৫০০/- | ৫০০/- | ১৯২৫০/- |
| ২। | **দক্ষ-১:**<br>১। মেশিন মিস্ত্রি;<br>২। ইলেকট্রিক ইনচার্জ<br>৩। চূর্ণ মেশিন মিস্ত্রি<br>৪। মেশিন অপারেটর/সহকারী সুপারভাইজার<br>৫। সিনিয়র ইলিকট্রিশিয়ান/সহকারী ওয়ার্কার সুপারভাইজার | ১০০০০/- | ৫০০০/- | ১৫০০/- | ৫০০/- | ১৭০০০/- |
| ৩। | দক্ষ-২:<br>১। পার্শেল প্যাকার<br>২। বড়ি তৈয়ারকারী<br>৩। তৈল জ্বাল দেনেওয়ালা<br>৪। অবলেহ জ্বাল দেনেওয়ালা<br>৫। অরিস্ট জ্বাল দেনেওয়ালা<br>৬। ঔষধ ফিলটারকারী<br>৭। দশন চূর্ণ প্রস্তুতকারী<br>৮। সহকারী মেশিন অপারেটর<br>৯। সিনিয়র ওয়ার্কার/সিনিয়র প্যাকার<br>১০। ইলিকট্রিশিয়ান | ৮৪০০/- | ৪২০০/- | ১৫০০/- | ৫০০/- | ১৪৬০০/- |

| ক্রমিক নম্বর | শ্রমিক শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ৪। | **আধা-দক্ষ-১ :**<br>১। মেশিন হেলপার<br>২। সহকারী প্যাকার<br>৩। বটলার্স<br>৪। চূর্ণ মিশিন সহকারী<br>৫। অরিস্ট ফিলটারকারী<br>৬। সহকারী মেশিনম্যান<br>৭। ইলিকট্রিশিয়ান | ৭৪০০/- | ৩৭০০/- | ১৫০০/- | ৫০০/- | ১৩১০০/- |
| ৫। | **আধা-দক্ষ-২:**<br>১। জুনিয়র প্যাকার<br>২। প্যাকার/ ওয়ার্কার/ হেলপার<br>৩। ক্লিনার/সুইপার | ৬৮০০/- | ৩৪০০/- | ১৫০০/- | ৫০০/- | ১২২০০/- |
| ৬। | **অদক্ষ:**<br>১। ট্রাক হেলপার<br>২। শিশি/ বোতল ক্লিনার<br>৩। সাধারণ শ্রমিক<br>৪। প্যাকার/ওয়ার্কার/ক্লিনার/হেলপার/সুইপার | ৬০০০/- | ৩০০০/- | ১৫০০/- | ৫০০/- | ১১০০০/- |
| ৭। | **শিক্ষানবিশ শ্রমিক:** | (ক) শিক্ষানবিশীকাল ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়।<br>(খ) শিক্ষানবিশীকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে =৮০০০/- (আট হাজার) টাকা প্রাপ্ত হইবেন।<br>(গ) শিক্ষানবিশীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | | |

**তপশিল ‘‘ খ ’’**

**কর্মচারীগণের জন্য মাসিক নিম্নতম মজুরি হার**

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | <u>গ্রেড-১:</u><br>১। অফিস ইনচার্জ<br>২। কেমিস্ট<br>৩। কবিরাজ<br>৪। হিসাবরক্ষক<br>৫। সুপারভাইজার<br>৬। উচ্চমান সহকারী/এম. আর<br>৭। সহকারী কেমিস্ট/ডিপ্লোমা চিকিৎসক<br>৮। উচ্চমান হিসাব সহকারী/ কম্পিউটার অপারেটর | ১২৫০০/- | ৬২৫০/- | ১৫০০/- | ৫০০/- | ২০৭৫০/- |
| ২। | <u>গ্রেড-২:</u><br>১। পার্শেল ইনচার্জ<br>২। ক্যাশিয়ার<br>৩। শাখা ইনচার্জ<br>৪। স্টোর কিপার<br>৫। সহকারী কবিরাজ<br>৬। সহকারী হিসাবরক্ষক<br>৭। সহকারী কেমিস্ট<br>৮। তৈলঘর ইনচার্জ<br>৯। বটিঘর ইনচার্জ<br>১০। স্টোর হিসাব সহকারী/হিসাব সহকারী | ১০৮০০/- | ৫৪০০/- | ১৫০০/- | ৫০০/- | ১৮২০০/- |
| ৩। | <u>গ্রেড-৩:</u><br>১। ড্রাইভার<br>২। টাইপিস্ট<br>৩। নিম্নমান সহকারী | ৯০০০/- | ৪৫০০/- | ১৫০০/- | ৫০০/- | ১৫৫০০/- |

| ক্রমিক নম্বর | কর্মচারী শ্রেণি বিভাগ (গ্রেড) ও পদবিন্যাস | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| | (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ৪। | **গ্রেড-৪ :**<br>১। সহকারী স্টোর কিপার<br>২। সহকারী সেকশন সুপারভাইজার | ৮০০০/- | ৪০০০/- | ১৫০০/- | ৫০০/- | ১৪০০০/- |
| ৫। | **গ্রেড-৫:**<br>১। সহকারী টাইপিস্ট/সহকারী কম্পিউটার অপারেটর<br>২। সহকারী ড্রাইভার<br>৩। হেলপার | ৭২০০/- | ৩৬০০/- | ১৫০০/- | ৫০০/- | ১২৮০০/- |
| ৬। | **গ্রেড-৬:**<br>১। পিয়ন<br>২। দারোয়ান | ৬২০০/- | ৩১০০/- | ১৫০০/- | ৫০০/- | ১১৩০০/- |
| ৭। | **শিক্ষানবিশ কর্মচারী :** | (ক) শিক্ষানবিশীকালে শিক্ষানবিশ কর্মচারী মাসিক সর্বসাকুল্যে = ৮২০০/- (আট হাজার দুইশত) টাকা প্রাপ্ত হইবেন।<br>(খ) শিক্ষানবিশীকাল ০৬(ছয়) মাস।<br>(গ) শিক্ষানবিশীকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ কর্মচারী সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd